

৫৮

দৈনিক ইকব্রিলাব

তারিখ ... ..FEB. 25. 1999. ...

পৃষ্ঠা ২৫ কলাম ১

### ডঃ আহমদ শরীফের মৃত্যুতে প্রধানমন্ত্রীর শোক

বাসস : প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রখ্যাত শিক্ষক, সাহিত্যিক এবং সাংস্কৃতিক ব্যক্তিত্ব ডঃ আহমদ শরীফের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন। এক শোক বাণীতে প্রধানমন্ত্রী বলেন, ডঃ আহমদ শরীফ ছিলেন মুক্ত চিন্তা ও প্রগতিশীল ধ্যান-ধারণার মানুষ। তার মৃত্যুতে দেশের অসাম্প্রদায়িকতা, গণতন্ত্র, প্রগতিশীলতা, সাহিত্য এবং সাংস্কৃতিক জগতে অপূরণীয় ক্ষতি হল। প্রধানমন্ত্রী তার শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি সমবেদনা জানান ও রুহের মাগফেরাত কামনা করেন।

ডঃ আহমদ শরীফের মৃত্যুতে এলজিআরডি ও সমবায়মন্ত্রী জিল্লুর রহমান, মৎস্য ও পশু সম্পদমন্ত্রী আ স ম আবদুর রব এবং যুব, ক্রীড়া ও সংস্কৃতি প্রতিমন্ত্রী ওবায়দুল কাদেরও গভীর শোক প্রকাশ করেন। তারা মরহমের রুহের মাগফেরাত কামনা ও শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানান।

কর্নেল তাহেরের মাতার মৃত্যুতে শোক যুব, ক্রীড়া ও সংস্কৃতি প্রতিমন্ত্রী ওবায়দুল কাদের বিশিষ্ট মুক্তিযোদ্ধা কর্নেল তাহেরের মাতা আশরাফুন্নেসার ইস্তিকালে গভীর শোক প্রকাশ করেছেন। এক শোক বাণীতে প্রতিমন্ত্রী মরহমের রুহের মাগফেরাত কামনা করেন এবং তার শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি সমবেদনা প্রকাশ করেন।